## AKASHVANI SILCHAR

## REGIONAL NEWS UNIT

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**DATE: 15 Apr. 25**
**TIME: 7:35 AM**

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা চিকিৎসা বিজ্ঞানের স্নাতক পাঠ্যক্রমের প্রবেশ পরীক্ষা ( নিট ইউ জি) অনুষ্ঠিত করা রাজ্যের ১৭ টি জেলার আয়ুক্ত , পুলিশ সুপার এবং জাতীয় পরীক্ষণ সংস্থা এন টি এ'র সঞ্চালকের সঙ্গে গতকাল এক বৈঠকে মিলিত হয়েছেন । বৈঠকে মুখ্যমন্ত্রী নিট ইউ জি পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য জারি করা নির্দেশাবলী কঠোরভাবে মেনে চলার নির্দেশ দিয়েছেন । এছাড়া পরীক্ষা পরিচালনা করার সময় কোনধরণের অনিয়মের ক্ষেত্রে আপোস না করতে মুখ্যমন্ত্রী নির্দেশ দেন । মুখ্যমন্ত্রী বলেন যে এই পরীক্ষার সব কেন্দ্র শুধুমাত্র সরকারী বা সরকারী সাহায্যপ্রাপ্ত কলেজে অনুষ্ঠিত হবে । পরীক্ষার সামগ্রী সরবরাহ , বিতরণ এবং জমা রাখার সঙ্গে সম্পর্কীত বিষয়গুলোতে বিশেষ গুরুত্ব আরোপ করা হবে । এছাড়া পরীক্ষা কেন্দ্রগুলোতে প্রার্থীদের আধার কার্ড আধারিত বায়োমেট্রিক প্রমাণের ব্যবস্থা থাকবে বলেও মুখ্যমন্ত্রী জানান ।

---

আজ পয়লা বৈশাখ । আজ থেকে ১৪৩২ বঙ্গাব্দের শুরু । বাংলা নববর্ষকে স্বাগত জানাতে প্রতি বছরের ন্যায় এবারও বিভিন্ন কার্যসূচি গ্রহণ করা হয়েছে । বরাক উপত্যকার ভাষা ও সংস্কৃতির গৌরব সংরক্ষণ এবং এ অঞ্চলের বহুভাষিক ও বৈচিত্রময় সাংস্কৃতিক ঐতিহ্যকে উদযাপনের উদ্দেশ্যে বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের শিলচর শহর আঞ্চলিক সমিতি ১৪৩২ বঙ্গাব্দ, নববর্ষকে স্বাগত জানাতে আজ বর্ণাঢ্য

শোভাযাত্রার আয়োজন করেছে । এই উপলক্ষ্যে আজ সকালে শিলচর জেলা ক্রীড়া সংস্থার প্রাঙ্গণ থেকে একটি শোভাযাত্রা হয়েছে । শোভা যাত্রাটি শহরের প্রধান প্রধান সড়ক পরিক্রমা করে পরে বঙ্গ ভবনে এসে শেষ হবে ।

সম্মেলনের কাছাড় জেলা কমিটির সভাপতি সঞ্জীব দেবলস্কর জানান যে বরাক উপত্যকার সরকারি কার্য্যলয়গুলিতে ভাষা আইনের প্রতি চরম অবহেলার অভিযোগ করে একাদশ ভাষা শহিদের এই শহরে বিস্মৃতির চেতনাকে পুনরায় জাগ্রত করার উদেশ্যে আজ এই শোভাযাত্রার আয়োজন করা হয়েছে ।

বাংলা সাহিত্য সভা অসমের শিলচর সমিতির উদ্যোগে ১৮৩২ বঙ্গাব্দকে বরন ও নতুন বছরকে স্বাগত জানাতে আজ শিলচর মহিলা কলেজে বিকেল পাঁচটায় একটি সাংস্কৃতিকক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । বাংলা সাহিত্য সভার সহ-সভাপতি অসিত চক্রবর্তী বর্ষবরনের এই অনুষ্ঠানে যোগ দিতে নাগরিকদের প্রতি আহ্বান জানিয়েছেন ।

---

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু রঙালী বিহু , বৈশাখী , পয়লা বৈশাখ , মেষাদি , পুতান্দু পিরাপুক সহ দেশের বিভিন্ন প্রান্তে পালন করা নববর্ষের উৎসবগুলির জন্য দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য রঙালী বিহু ও নববর্ষ উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । এক শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল শ্রী আচার্য্য বলেন যে রঙালী বিহু সংস্কৃতি এবং পরিবেশের মধ্যে চির বিরাজমান সম্পর্ককে প্রতিফলিত করে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা রঙালী বিহু উপলক্ষে রাজ্যবাসীর প্রতি আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করেন ।

---

এদিকে বরাক উপত্যকার তিন জেলায় গতকাল চৈত্র সংক্রান্তি উপলক্ষে চড়ক পূজো বা গাজনের মেলার আয়োজন করা হয় । রোগ ব্যাধি থেকে মুক্তি লাভ করা এবং মনো বাসনা পূরণের আশায় ভক্তরা একমাস ব্রত পালন করার পর চড়ক পূজা করে থাকেন । শিলচর গান্ধী মেলার মাঠ , রাঙ্গিরখাড়ি , কালীবাড়ি চর , শ্মশান কালীবাড়ি , ফাটকবাজার কালীবাড়ি , ন্যাশনেল হাইওয়ে সহ বিভিন্ন স্থানে গতকাল চড়কপূজা অনুষ্ঠিত হয়েছে ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল গরমের সময় অতিরিক্ত যাত্রী ভীড় সামাল দিতে পাঁচ জোড়া বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে । সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে বিশেষ যাত্রী ট্রেনের মধ্যে রয়েছে গুয়াহাটী-শ্রী গংগা নগর , নিউ জলপাইগুড়ি-অযোধ্যা ক্যান্ট , কামাখ্যা-

আনন্দ বিহার টার্মিনাল , কাটিহার -অমৃতসর এবং নিউ তিনসুকিয়া-এস এম ভি টি ব্যাঙ্গালুরু ট্রেন রয়েছে ।

---

কাছাড়ের বিদ্যালয় সমূহের পরিদর্শক এক বিজ্ঞপ্তীতে চলতি বছরের মাধ্যমিক পরীক্ষায় ২০ শতাংশের নীচে উর্ত্তীন করা বিদ্যালয়গুলিকে খারপ ফলাফলের জন্য কারন দর্শানোর নোটিশ জারী করেছেন । মাধ্যমিকে খারাপ ফলাফলের জন্য কাছাড় জেলার ৩৪টি বিদ্যালয়কে লোটিশ পাঠানো হয়েছে । এরমধ্যে শিলচর শহরের টাউন হাইস্কুল ,রাধারমন গোস্বামী হাইস্কুল ,বিপ্লবী উল্লাকর বিদ্যাভবন রয়েছে ।

---

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে আসাম সহ উত্তর-পূর্ব ভারতে আগামী পাঁচ দিন ব্রজ্য বিদ্যু সহ ঝোড় বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে ।

---

শ্রীভূমি জেলা সৈনিক কল্যান আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন জেলার প্রাক্তন সৈনিকদের সন্তানদের শিক্ষাবৃত্তির জন্য আবেদন প্রক্রিয়া শুরু হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে স্থলসেনা , নৌসেনা ও বিমান বাহিনীর প্রাক্তন সৈনিকদের সন্তানদের জন্য এই শিক্ষাবৃত্তি সৈনিক কল্যান সঞ্চালকালয় থেকে প্রদান করা হবে । বিশদ বিবরন শিলচর জেলা সৈনিক কল্যান আধিকারীকের কার্য্যলয়ে পাওয়া যাচ্ছে ।

---